



**CONSULATE GENERAL OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
3rd Floor, No. 1399, Dianchi Rd
Kunming-650228, China
Tel: +86 0871 64329670/1
Fax: +86 0871 64329673

সংবাদ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, কুনমিং কর্তৃক যথাযোগ্য মর্যাদায় 'জাতীয়
সংবিধান দিবস' পালন**

কুনমিং এ বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের আয়োজনে যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় সংবিধান দিবস-২০২৩' পালন করা হয়। এ অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশীগণ ও কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করে।

এই বিশেষ দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের কর্মকর্তাবৃন্দ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করেন। অতঃপর, 'জাতীয় সংবিধান দিবস'-এর তাৎপর্যের উপর আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। মান্যবর কনসাল জেনারেল জনাব জকি আহাদ, বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের কর্মকর্তাগণ ও প্রবাসী বাংলাদেশীগণ আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। আলোচকগণ বাংলাদেশের সংবিধানের ঐতিহাসিক পটভূমি ও তাৎপর্যের উপর আলোকপাত করেন এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসন প্রতিষ্ঠায় মহান সংবিধান সমুন্নত রাখার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

কুনমিং, ০৭ নভেম্বর ২০২৩।

